

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৪-

১৬৫

তারিখঃ ০২.০৫.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ জেসমীন আক্তার লীনা (১১২১৮৯), জুনিয়র কনসালটেন্ট (চর্ম ও যৌন), জেলা হাসপাতাল, শেরপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১৫.০৬.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৪-৪৭৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৮.০৮.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তাঁর চিকিৎসক স্বামী ভিন্ন একটি জেলায় কর্মরত এবং তার দুই সন্তান ঢাকায় থাকে। তাছাড়া ২০১৩ সালের জুন মাস হতে তিনি হেপাটাইটিসসহ বিভিন্ন রোগে অসুস্থতায় থাকেন। পরবর্তীতে সুস্থ হয়ে গত ২৫.০৫.২০১৪ইং তারিখে প্রয়োজনীয় ফিটনেস সার্টিফিকেটসহ কর্মস্থলে যোগদান করে অদ্যাবধি কর্মস্থলে নিয়মিত কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ জেসমীন আক্তার লীনা (১১২১৮৯), জুনিয়র কনসালটেন্ট (চর্ম ও যৌন), জেলা হাসপাতাল, শেরপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতনভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৪-

১৬৫/১৬২

তারিখঃ ০২.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল, শেরপুর
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। ডাঃ জেসমীন আক্তার লীনা (১১২১৮৯), জুনিয়র কনসালটেন্ট (চর্ম ও যৌন), জেলা হাসপাতাল, শেরপুর

  
(শেখ সাদেকার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৪- ১৩২


তারিখঃ ০৬.০৯.২০১৪ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ ইসরাত জাহান (১০৩০৬৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে ০৮.০৪.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৪-৩০৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ০৭.০৯.২০১৩ইং তারিখ তিনি দুর্ঘটনায় আহত হয়ে কর্মস্থলে উপস্থিত হতে পারেননি এবং ঐ দিনই তিনি টেলিফোনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বিষয়টি অবহিত করেন। পরবর্তীতে চিকিৎসকের পরামর্শক্রমে ছুটির আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৬.০২.২০১৪ তারিখের ৪৫.১৪৫.০০৩.০০.০০৪.২০১৩-১৯০নং প্রজ্ঞাপনে তার ০৭.০৯.২০১৩ হতে ০৮.১০.২০১৩ তারিখ পর্যন্ত সময়কে গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইসরাত জাহান (১০৩০৬৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।


  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৪- ১৩২(১)

তারিখঃ ০৬.০৯.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিরাজদিখান, মুন্সিগঞ্জ
- ৯। ডাঃ ইসরাত জাহান (১০৩০৬৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সিগঞ্জ

  
(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৪-৬৭৩


তারিখঃ ০৬.০৮.২০১৪ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ এস এম সরওয়ার কামাল (১০০৮২২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে ০৮.০৬.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৪-৪৬৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, প্রেষণে অধ্যয়নরত থাকা অবস্থায় তাঁকে বদলি করা হয় এবং উক্ত আদেশ সম্পর্কে তিনি অবহিত ছিলেন না। ফলে বদলি আদেশ প্রতিপালনেরও সুযোগ ছিল না। যে অনুপস্থিতকালের জন্য অভিযোগ আনয়ন করা হয়েছে তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০২.০৪.২০১৪ তারিখের স্বাপকম/চিশি-২/শিক্ষাছুটি-১০/২০১৩-২৪০নং প্রজ্ঞাপনে ০১.০৭.২০১৩ তারিখ হতে ৩০.০৬.২০১৪ তারিখ পর্যন্ত শিক্ষাছুটি মঞ্জুর করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ এস এম সরওয়ার কামাল (১০০৮২২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৪-৬৭(৩)১৭)

তারিখঃ ০৬.০৮.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। ডাঃ এস এম সরওয়ার কামাল (১০০৮২২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- পিতা-আব্দুল হামিদ সরকার, গ্রাম-সারদাগঞ্জ, ডাকঘর-কাশিমপুর, থানা-গাজীপুর, জেলা-গাজীপুর



(মোঃ মাসুদ হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)